
# Crack Descriptive with CrackEx




## A grim pattern, but a swifter response

IN THE accusation of sexual misconduct levelled by a trainee shooter against her coach are the contours of a grimly familiar story, of an outsized power asymmetry being exploited to abuse and threaten a vulnerable young person in what should be safe spaces. Ankush Bhardwaj, a former athlete and national coach, is alleged to have sexually assaulted a trainee — a minor — after a sporting event in December. He has also been accused of subsequently intimidating her into silence by threatening her vis a vis her future in the sport. He has since been arrested under the provisions of the POCSO Act as well as the BNS and has been suspended by the National Rifle Association of India (NRAI) and removed from all coaching duties.

The swift response of the NRAI — which has also issued a show cause notice to Bhardwaj, and apprised its Internal Complaints Committee of the case — stands in stark contrast to how similar cases have often played out in the past. The half-hearted and delayed response to the allegations of sexual harassment raised in 2023 by India's women wrestlers against Brij Bhushan Sharan Singh, the then president of the Wrestling Federation of India and MP, is just one example. The harrowing details recounted by the young shooter find an echo in the stories shared by the wrestlers, as in other similar stories over the years. They are reminders of how vulnerable young athletes — several of them minors, often forced to train far away from home — remain to predators who may be working with them as trainers, physiotherapists etc.

For young athletes, coming forward with complaints against those in authority is not easy. It is made harder still by the fact that perpetrators end up either not being investigated properly or are let off too lightly. Often, as a 2020 investigation by this newspaper of sexual harassment complaints at the Sports Authority of India showed, they are allowed to continue working with young sportspersons as inquiries drag on. When abuse is thus overlooked and trust shattered, it can take a devastating mental and physical toll on those being preyed upon. Even as the law takes its course, the NRAI's actions show how institutions and systems built to nurture young talent can support them during difficult times.

CrackEx

The Indian EXPRESS

The Brief Box

### Swift Action Against Abuse in Sports

The article talks about a serious case where a young trainee shooter has accused her coach of sexual assault and threats. This is sadly not a new story—it shows how people in power often misuse their position to harm young and vulnerable athletes, especially minors, in places that should be safe.

In this case, the coach has been arrested under strict child protection laws and immediately suspended from his duties by the National Rifle Association of India (NRAI). The NRAI also started internal action quickly. This fast response is different from many past cases, where complaints were ignored or handled very slowly. The article compares it with the 2023 case of women wrestlers, where authorities delayed action despite serious allegations.

Young athletes often hesitate to speak up because they fear damage to their careers. Many times, accused persons continue working while investigations drag on, causing deep mental and physical harm to victims. The article concludes by saying that although the legal process must continue, the NRAI's quick action shows how sports institutions should act—by protecting young athletes and supporting them in difficult times.

CrackEx

### Crack Vocab

- Accusation – a claim that someone has done something wrong
- Sexual misconduct – inappropriate or abusive sexual behaviour
- Levelled – formally made or directed (a charge or claim)
- Trainee – a person undergoing training
- Contours – main features or outline of a situation
- Grimly familiar – sadly common and repeatedly seen
- Outsized power asymmetry – a very unequal balance of power between people
- Exploited – used unfairly for one's own advantage
- Vulnerable – easily harmed or affected
- Alleged – claimed to have happened but not yet proven
- Intimidating – frightening or pressuring someone
- Vis-à-vis – in relation to or concerning
- Provisions – specific rules or sections of a law
- Suspended – temporarily removed from duties
- Show cause notice – an official letter asking someone to explain their actions
- Apprised – informed
- Internal Complaints Committee – a body that looks into complaints within an organisation
- Stark contrast – a clear and sharp difference
- Half-hearted – done without seriousness or full effort
- Harrowing – deeply distressing or upsetting
- Echo – to be repeated or reflected in another situation
- Predators – people who exploit or abuse others
- Physiotherapists – health professionals who help with physical recovery
- Perpetrators – people who commit a harmful or illegal act
- Investigated – officially examined to find the truth
- Inquiries – formal investigations
- Overlooked – ignored or not given attention
- Trust shattered – confidence completely broken
- Devastating – extremely damaging or harmful
- Preyed upon – targeted and harmed by someone stronger
- Takes its course – follows the normal legal process
- Institutions – organisations with authority and responsibility
- Nurture – support and help grow or develop
- Support – help and protect during difficulty

# দ্বন্দ্ব দ্বেষের মাঝে, যে জন থাকে কাজে

# সরকারি উদ্যোগে বইমেলাগুলির আকর্ষণ দিনকে দিন কমছে কেন

বিশ্বজিৎ সরকার



চারদিকেই খারাপ খবরের ভিড়।দুনিয়া ভাল নেই ,ভাল নেই দেশ ও রাজ্যের মানুষ । পেটিবুর্জোয়া তন্ত্রের ফাঁদে এখন ব্যক্তি জীবন নিজে শোষিত, সামাজিক অর্থনৈতিক এবং রাজনৈতিক সর্বদিক দিয়েই ব্যক্তি অবমাননার চরম নিদর্শন। আবার সেই ব্যক্তিই অন্যত্র শোষণকারীর ভূমিকায়।এই ব্যবস্থার বৃত্তে প্রতিনিয়ত বদলে যাচ্ছে দৃশ্যপট । এ দৃশ্যে আলো নেই,শুধুই অন্ধকারের মধ্যে সম্পদ আহরণের লোভনীয় কারিকুরির হাতছানি।সম্পদ আহরণের রাস্তায় শিক্ষা থেকে স্বাস্থ্যও। উন্নয়নই হোক আর সংস্কৃতিই হোক,হরণের মার্জিন কিন্তু থেকে যায়।এই যে মার্জিন,কাটমানি বা কমিশন তা এখন সর্বত্রগামী-মানে দালালরাজ। 'দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ' ভাবনা বিদায় নেওয়ায় দাদাগিরি।গণমুখী সরকারি প্রকল্পে রাজনৈতিক আধিপত্যবাদ,ফলে মুখ থুবড়ে পড়ছে সেই সমস্ত প্রকল্প । সংকুচিত হচ্ছে সাধারণ মানুষের স্বাচ্ছন্দ্য পরিসর। কিন্তু এর মাঝেই গ্রামে ,গঞ্জে ,শহরের কিছু কিছু জায়গায় কিছু কিছু কাজ ঘটে চলে যা আমরা জানতে পারি না ,বা জেনেও চলতি হাওয়ার পথে তার বিপরীত অবস্থান খুঁজতে পারি না বা চাই না। এমনই একটি ঘটনার প্রসঙ্গে আসি,খবর দিই একটি বইমেলার। না না বইমেলা নয়, বই উৎসবের খবর ।বইমেলা বই উৎসব হয় কি করে।

শোনা যাক সেই যৌথ প্রক্রিয়ার গল্প।এই বই উৎসব গত তিন বছর ধরে হয়ে চলেছে বাঁকুড়া জেলার বর্ধিষ্ণু গ্রাম বালসি গ্রামে। বাঁকুড়ার পাত্রসায়ের থেকে দক্ষিণে পাঁচ কিলোমিটার দূরে এই বালসি গ্রামের অবস্থান ।বাইশটি পাড়া নিয়ে এই বালসি গ্রাম । পশ্চিমবঙ্গের এত পাড়া নিয়ে গ্রাম আর সম্ভবত নেই।দক্ষিণে সামান্য গেলেই তারকেশ্বর আর উত্তরে সামান্য দূরে দামোদর ।এই গ্রামেই ছিলেন প্রবাদ প্রতিম ডাক্তার স্বাধীনতা সংগ্রামী ধনপতি পাল। দুলে বাগদি ডোম কায়েত মুসলিম ব্রাহ্মণ সব সম্প্রদায়ের মিলে মিশে বাস এখানে।পুরনো সামন্ততান্ত্রিক ব্যবস্থার অনেক নিদর্শন এখনো এই গ্রামে বর্তমান । বাংলার বারো মাসের তেরো পার্বনের ধারা এখনো সতেজ বহমান । গত চার বছর আগে গ্রামের কিছু সংস্কৃতি মানুষ ভাবলেন আর পাঁচটা চলতি উৎসবের মধ্যে আর একটা উৎসবের সংযোজনের কথা ।তাঁদের মাথায় খেলে গেল বইমেলার ভাবনা।কেননা তাদের গ্রামের ছেলেরাও মোবাইলে বুঁদ। সাহিত্য সংস্কৃতির সাথে যাদের নাড়ির টান ,শেকড়ের টানে পুজো বা পালা পার্বনে যাদের নিত্য উপস্থিতি গ্রামের এমন কয়েকজনের কাছে খবর যেতেই উদ্যোগী হয়ে উঠলেন তাঁরাও।হয়ে উঠলেন এই ভাবনার অন্যতম শরিক।তারপর সকলের মিলিত ভাবনা রূপ পেল গণউদ্যোগের আকার। কেন গণউদ্যোগ, তা জানা গেল মানুষের কথায় ,'এটা গণউদ্যোগের ফসল ।গ্রামের মানুষের চাঁদায় এই বইমেলা।বালসি গ্রামের মানুষজন একেবারে স্ব-ইচ্ছায় এবং নিজেদের গাঁটের কড়ি খরচা করে এই মেলা শুরু করেছে' ।যার যা সাধ্য সে তাই করেছে । গ্রামের দীন মজুরেরা এগিয়ে এসেছেন ,কেউ দিচ্ছেন চাঁদা, কেউ বা শ্রম। টোটো চালক প্রচার করছে মেলার খবর মেলা শেষে মেলার অবশেষ পরিষ্কার করে দিচ্ছেন পাশের ক্ষুদ্র ব্যবসায়ীদের কেউ কেউ প্রত্যেকেই দায়িত্ব ভাগ করে নিচ্ছেন।গ্রামবাসীদের এই উদ্যোগে সামিল হয়েছেন পাশের বালসী বামরে বকিশোল পাত্রসায়ের কলেজের সংস্কৃতিমনস্ক শিক্ষক ও অধ্যাপকেরা। স্কুলের পড়ুয়াদের উপর ন্যস্ত সেবাছাত্রসেবকের ভার । সরকারি অনুকূল্যে যখন বইমালা গুলি ধুঁকছে তখন বালসি বইমেলার অন্য চেহারা, উৎসবের মেজাজ নিয়ে তার আত্মপ্রকাশ। আয়োজন ক্ষুদ্র , সামান্য জায়গাতে মাত্র ২০-২২ টি স্টলে তার উপস্থাপন কিন্তু মেলার প্রবাহ বা বইয়ের টানে মানুষের উজ্জ্বল উপস্থিতি। এখানে কোন আধিপত্যবাদ নেই ,আছে মিলিত দায় এবং দায়িত্ব । গ্রামের আনন্দযজ্ঞে নিজের কিছু con-tribution না থাকলে ভুমিসুতে অনাহুত ভাবনা,অন্যদিকে অধিকার চলে যাওয়ার গ্রামাভিমান।এই ভাবনা থেকেই বইমেলা হয়ে উঠছে উৎসব। তাই গ্রামের দুলে বাগদি থেকে শুরু করে এখানের ভূমিপুত্র ভারত সরকারের পররাষ্ট্র দপ্তরের গুরুত্বপূর্ণ পদাধিকারী মানুষেরও নিবিড় সম্পর্কের সেতুবন্ধন। এই মেলা উপলক্ষে প্রবাসী চাকুরীজীবী থেকে শুরু করে পরিযায়ী শ্রমিকের ঘরে আসা। যারা আসতে পারেন না তাঁরাও এই মেলার অংশীদারি হয়ে সাধ্যমত অর্থ পাঠিয়ে যোগসূত্র গড়ে তোলেন মেলায়। ছোট ছোট ছেলে মেয়েদের উপচে পড়া ভিড় । গ্রামের সবচেয়ে প্রবীণ মানুষ সাহিত্যপ্রেমী লেখক ৯৫ বছরের গোপাল চন্দ্র পালের এই শীতের বিকেলেও নিত্য উপস্থিতি। বইমেলার মূল মঞ্চে থাকে গ্রামের বিভিন্ন শিল্পীদের বিচিত্র নৃত্যান মেলার মঞ্চ হয়ে ওঠে আশপাশের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের প্রতিভা বিকাশের আসর। কোন তারকা সমাবেশ নয় স্থানীয় শিক্ষক এবং কলেজ অধ্যাপক ও আঞ্চলিক গবেষকরাই তুলে ধরছেন বই পড়ার উপযোগিতা ও বই পড়ার আগ্রহের কথা স্থানীয় হাইস্কুলের প্রধান শিক্ষক থেকে স্থানীয় কলেজের অধ্যাপক, লিটিল ম্যাগাজিনের প্রবাসী সম্পাদক থেকে চুড়ান্ত সাহিত্য প্রেমী গ্রামের ছেলে পেশায় জেলার (Jailer)-ও ছুটে এসে দায়িত্বভার তুলে নিয়েছেন। আছে গ্রামের মজুর সম্প্রদায় থেকে উঠে আসা উদ্যোগী। গ্রামের এমন অনেক দিনমজুর আছেন যারা টাকা জমিয়ে রাখেন এই মেলার জন্য । তাঁদের কাছে গ্রামের আর পাঁচটা মেলার মতই এই মেলা, বাড়তি পাওনা বই। অনেকেই আছেন যারা মেলাতে আসছেন এবং তার ছেলের জন্য পাঁপড় আর জিলাপির সাথে একটা বই কিনে নিয়ে যাচ্ছেন । এমন দুর্লভ দৃশ্য দেখলে কিন্তু মনে আশা জাগে, চক্ষে জাগে আনন্দের দোলা । বাঙালী মননের এই মরা ভূমে এই রকম না খবরের সংবাদগুলি চেতনার ঘাটে কিন্তু শঙ্খবাজিয়ে চলেছে । হয়ত আমাদের কানে আসে না। সরকারি উদ্যোগে জেলার অনেক বইমেলাগুলিতে যেখানে রাষ্ট্রের অঙ্গুলি হেলনে পাঠকের স্বতঃস্ফূর্ততার টান সেখানে গণউদ্যোগে গড়ে ওঠা এই বাংলার বইমেলা কিন্তু যথেষ্ট তাৎপর্যবহ।

একদিন
এগিয়ে চলার সঙ্গী

WBCS
MISCELLANEOUS
CLERKSHIP, WBP SI